# Sanatan Dharma

**চণ্ডী / দুর্গা প্রাতঃস্মরণম্**

প্রাতঃ স্মরামি শরদিন্দুকরোজ্জ্বলাভাং
সদ্রত্নবন্মকরকুণ্ডলহারভূষাম্ ।
দিব্যায়ুধোর্জিতসুনীলসহস্রহস্তাং
রক্তোত্পলাভচরণাং মহতীং পরেশাম্ ॥ ১॥

প্রাতর্নমামি মহিষাসুরচণ্ডমুণ্ড-
শুম্ভাসুরপ্রসুখদৈত্যবিনাশদক্ষাম্ ।
ব্রহ্মেন্দ্রমুনিমোহনশীললীলাং
চণ্ডীং সমস্তসুরমূর্তিমনেকরূপাম্ ॥ ২॥

প্রাতর্ভজামি ভবতামভিলাষদাত্রীং
ধাত্রীং সমস্তজগতাং দুরিতাপহন্ত্রীম্ ।
সংসারবন্ধনবিমোচনহেতুভূতাং
মায়াং পরাং সমধিগম্য পরস্য বিষ্ণোঃ ॥ ৩॥

শ্লোকত্রয়মিদং দেব্যাশ্চণ্ডিকায়াঃ পঠেন্নরঃ ।
সর্বান্কামানবাপ্নোতি বিষ্ণুলোকে মহীয়তে ॥ ৪॥

শ্রীচণ্ডী/দুর্গা প্রাতঃস্মরণং সম্পূর্ণম্

অর্থাৎ- প্রাতে (প্রভাত বা সকালবেলা) শরণ করি তোমায় ,হে শরদ-চন্দ্র প্রভাবতী (শরৎকালীন চাঁদের মত প্রকাশ বা আভা সম্পন্না)।তোমার কর্ণে রত্নজরিত মকরকুণ্ডল (মাছের আকৃতির কানের দুল) ও গলায় হার শোভা পাচ্ছে।তুমি নিজ নীল বর্ণের সহস্রহস্তে দিব্য বিবিধ আয়ুধ(অস্ত্র) ধারণ করে আছ।অরুণ(রক্ত) বর্ণের পদ্মের মত পাদপদ্ম তোমার ,হে পরম ঈশ্বরী।

প্রাতে(প্রভাত বা সকালবেলা)প্রণাম করি তাঁকে যিনি মহিষাসুর,চন্ড-মুণ্ড,শুম্ভাসুর প্রমুখ দৈত্য বিনাশ করেছেন দক্ষতার সাথে।হে ,লীলাবতী! তুমি লীলা দ্বারা ব্রহ্মা ইন্দ্র রুদ্র তথা মুনিগণকে মোহিত কর ।তুমি চণ্ডী ইত্যাদি নানা মূর্তি ধর।তুমি সমস্ত দেবতাদের মূর্তি স্বরূপা।

প্রাতে(প্রভাত বা সকালবেলা) ভজি (আধ্যাত্মিক গান) তোমায় ,তুমি মনের ইচ্ছা পূর্ণকারিনী।তুমি সকল জগতের ধাত্রী,তুমি ত্রিতাপ হারিণী।তুমি সংসার বন্ধন কাটানোর হেতুভুতা,তুমি পরব্রহ্ম বিষ্ণুর মায়া ,মনেতে শরণ করি তোমার সদা।

যিনি এই তিনটি শ্লোক পাঠ করেন,তার সর্ব মন কামনা পূর্ণ হয় তথা ইনি বিষ্ণুলোক প্রাপ্ত হন।

Published on: Jan, 14 2023 11:55